

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪২৫

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ মুজাহাদাহ বা দ্বীনের জন্য এবং আত্মা, শয়তান ও দ্বীনের শত্রুদের বিরুদ্ধে নিরলস চেষ্টা, টানা পরিশ্রম ও আজীবন সংগ্রাম করার গুরুত্ব

আরবী

عَنْ أَبِيْ ذَرِّ جُندُبِ بِنِ جُنَادَةَ عَنِ النَّبِيِّ عَيَّا اللهِ تَبَارِكَ وَتَعَالَى أَنَّهُ قَالَ يَا عِبَادِي إِنِّي حَرَّمْتُ الظُلْمَ عَلَى نَفْسِي وَجَعَلْتُهُ بِيْنَكُم مُحَرَّماً فَلا تَظَالَمُوا يَا عِبَادِي كُلُّكُمْ عَالِ إِنِّ مَنْ مَكْرَّماً فَلا تَظَالَمُوا يَا عِبَادِي كُلُّكُمْ عَالِ إِلاَّ مَنْ كَسَوْتُهُ فَاسْتَكْسُونِي أَطْعَمْتُهُ فَاستَطِعِمُونِي أُطْعِمْكُمْ يَا عِبَادِي كُلُّكُمْ عَارٍ إِلاَّ مَنْ كَسَوْتُهُ فَاسْتَكْسُونِي أَكْسُكُمْ يَا عِبَادِي كُلُّكُمْ عَارٍ إِلاَّ مَنْ كَسَوْتُهُ فَاسْتَكْسُونِي أَكْمُ يَا عِبَادِي أَنْ أَنْ أَنْ أَنْ مَنْ كَسَوْتُهُ فَاسْتَكْسُونِي أَعْفِرْ لَكُمْ يَا عِبَادِي إِلاَّ مَنْ كَسَوْتُهُ فَاسْتَخْفِرُونِي أَغْفِرْ لَكُمْ يَا عِبَادِي! إِنَّكُمْ لَنْ تَبْلُغُوا ضُرِّي فَتَضُرُّونِي وَلَنْ تَبْلُغُوا نَفْعِي فَتَنْفَعُونِي يَا عِبَادِي لَوْ أَنَّ أَوَّلَكُمْ وَإِنْسَكُمْ وَجِنَّكُمْ وَإِنْسَكُمْ وَجِنَّكُمْ وَإِنْسَكُمْ وَجِنَّكُمْ مَا زَادَ ذَلِكَ فِي مُلكي وَآخِرِكُمْ وَإِنْسَكُمْ وَجِنَّكُمْ مَا نَقَصَ ذَلِكَ مِن مُلكي شيئاً يَا عِبَادِي! لَوْ أَنَّ أُولَكُمْ وَإِنْسَكُمْ وَجِنَّكُمْ وَإِنْسَكُمْ وَالْمَونِي فَاعَلَى مَسْأَلْتَهُ مَا نَقَصَ ذَلِكَ مِن مُلكي شيئاً يَا عِبَادِي! إِنَّمَا هِي الْعَمَالُكُمْ أُخْصِيهَا لَكُمْ ثُمَّ وَالْمَالِي وَالْمَالِي الْمَالِي فَالْمُونِي فَاعُلُونِي فَاعُمْ وَالْمَالُونِي فَاعُلْمَالُكُمْ أُونِي فَا عَلْمَالُكُمْ أُلْحُمْدِ وَاحِد فَسَالُونِي فَاعُلُومَ وَالْمَالُونِي فَا عَلَى وَالْمَالُومُ وَالْمَالُومُ وَالْمَالُومُ وَالْمُ فَالَ وَلَوْلَكُمْ وَالْمَالُكُمْ أُخُولُوا عَلَى وَلِكَ فَلِكُمْ وَالْمُومِنَ إِلاَ لَلْمُومِنَ إِلاَ فَلْمُلْكُمْ أُلْكُمْ أُلِكُمْ وَالْسَلَامُ وَلِكُومُ وَالْمَالُكُمْ أُلْكُمْ وَالْمُومِنَ إِلْوَا عَلْمُولُوا عَلْمُولُوا عَلْمُ اللّهُ وَلَوْمُ مُلْمُول

বাংলা

(৪২৫) আবূ যার্র জুন্দুব বিন জুনাদাহ (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সুমহান প্রভু হতে বর্ণনা করেছেন, তিনি (আল্লাহ) বলেন, হে আমার বান্দারা! আমি অত্যাচারকে আমার নিজের জন্য হারাম করে দিয়েছি এবং আমি তা তোমাদের মাঝেও হারাম করলাম। সুতরাং তোমরাও একে অপরের প্রতি অত্যাচার করো না। হে আমার বান্দারা! তোমরা সকলেই পথভ্রষ্ট; কিন্তু সে নয় যাকে আমি সঠিক পথ দেখিয়েছি। অতএব তোমরা আমার নিকট সঠিক পথ চাও আমি তোমাদেরকে সঠিক পথ দেখাব। হে আমার বান্দারা! তোমরা সকলেই



ক্ষুধার্ত; কিন্তু সে নয় যাকে আমি খাবার দিই। সুতরাং তোমরা আমার কাছে খাবার চাও, আমি তোমাদেরকে খাবার দেব।

হে আমার বান্দারা! তোমরা সকলেই বস্ত্রহীন; কিন্তু সে নয় যাকে আমি বস্ত্র দান করেছি। সুতরাং তোমরা আমার কাছে বস্ত্র চাও, আমি তোমাদেরকে বস্ত্রদান করব। হে আমার বান্দারা! তোমরা দিন-রাত পাপ করে থাক, আর আমি সমস্ত পাপ ক্ষমা করে থাকি। সুতরাং তোমরা আমার কাছে ক্ষমা প্রার্থনা কর, আমি তোমাদেরকে ক্ষমা করে দেব। হে আমার বান্দারা! তোমরা কখনো আমার অপকার করতে পারবে না এবং কখনো আমার উপকারও করতে পারবে না। হে আমার বান্দারা! যদি তোমাদের প্রথম ও শেষ মানুষ ও জ্বিন সকলেই তোমাদের মধ্যে সবচেয়ে বড় একজন পরহেযগার ব্যক্তির হৃদয়ের মত হৃদয়বান হয়ে যায়, তাহলে এটা আমার রাজত্বের কোন কিছু বৃদ্ধি করতে পারবে না।

হে আমার বান্দারা! যদি তোমাদের প্রথম ও শেষ মানুষ ও জ্বিন সকলেই তোমাদের মধ্যে সবচেয়ে বড় একজন পাপীর হৃদয়ের মত হৃদয়ের অধিকারী হয়ে যায়, তাহলে এটা আমার রাজত্বের কোন কিছুই কমাতে পারবে না। হে আমার বান্দারা! যদি তোমাদের প্রথম ও শেষ তোমাদের মানুষ ও জ্বিন সকলেই একটি খোলা ময়দানে একত্রিত হয়ে আমার কাছে প্রার্থনা করে, আর আমি তাদের প্রত্যেককে তার প্রার্থিত জিনিস দান করি, তাহলে (এ দান) আমার কাছে যে ভাগুর আছে, তা হতে ততটাই কম করতে পারবে, যতটা সুচ কোন সমুদ্রে ডুবালে তার পানি কমিয়ে থাকে। হে আমার বান্দারা! আমি তোমাদের কর্মসমূহ তোমাদের জন্য গুনে রাখছি। অতঃপর আমি তোমাদেরকে তার পূর্ণ বিনিময় দেব। সুতরাং যে কল্যাণ পাবে, সে আল্লাহর প্রশংসা করুক। আর যে ব্যক্তি অন্য কিছু (অর্থাৎ অকল্যাণ) পাবে, সে যেন নিজেকেই তিরস্কার করে। (হাদীসের একজন বর্ণনাকারী) সাঈদ বলেন, আবৃ ইদরীস (এই হাদীসের অন্য একজন বর্ণনাকারী) যখন এই হাদীস বর্ণনা করতেন, তখন হাঁটু গেড়ে বসে যেতেন।

ফুটনোট

(মুসলিম ৬৭৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন